

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ১৩

নভেম্বর ০৭, ২০১৩  
তারিখ :-----  
কার্তিক ২৩, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ অবলোপন (Write-off) নীতিমালা।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ-জানুয়ারী ১৩, ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হয়েছে এরূপ ঋণ ও অগ্রিম ১০০% প্রভিশন সংরক্ষণ সাপেক্ষে অবলোপনের পূর্বে আদালতে মামলা দায়ের করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু পরিলক্ষিত হয়েছে যে, অনেক সময় বিশেষত: ক্ষুদ্র অংকের ঋণের ক্ষেত্রে মামলা করতে হলে মামলা খরচের পরিমাণ ঋণাংকের চেয়ে বেশী হয়ে যায়।

এ প্রেক্ষাপট বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অবলোপনযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার নিম্ন অংকের ঋণ ও অগ্রিম/বিনিয়োগ আদালতে মামলা দায়ের ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০২/২০০৩ এর অন্যান্য নির্দেশনা পরিপালন সাপেক্ষে অবলোপন করা যাবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০০৯৪